



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলী'র দপ্তর
বগুড়া যান্ত্রিক বিভাগ
বাপাউবো, বগুড়া।
www.bwdb.gov.bd

তারিখ: ১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০০.৩১৫.৩৭.০০২৩.২৫.৯২

“সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া যান্ত্রিক বিভাগ, বাপাউবো, বগুড়া এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর আওতায় অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা মহোদয়ের দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখ: ২০-০৭-২০২০ খ্রি. মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) এর মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদনপত্র সরবরাহ এবং গ্রহণ করা হবে না।

১।	মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়।
২।	সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩।	কার্য ক্রয় ও পণ্য সরবরাহকারী দপ্তরের নাম	নির্বাহী প্রকৌশলী দপ্তর, বগুড়া যান্ত্রিক বিভাগ, বাপাউবো, বগুড়া।
৪।	তালিকাভুক্তি আবেদনকারীর যোগ্যতা	১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স; ২। হালনাগাদ BIN ও Income Tax সার্টিফিকেট; ৩। ব্যাংক স্টেটমেন্ট/সলভেন্সী সার্টিফিকেট (টাঃ ২৫.০০ লক্ষ মাত্র স্থিতি); ৪। জাতীয় পরিচয়পত্র; ৫। পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রজিষ্ট্রন ছবি; ৬। ঠিকাদারী/প্রতিষ্ঠানের মালিকের ৩০০.০০ (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা।
৫।	নবায়নের জন্য আবেদনকারীর যোগ্যতা	১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স; ২। হালনাগাদ BIN ও Income Tax সার্টিফিকেট; ৩। ব্যাংক স্টেটমেন্ট/সলভেন্সী সার্টিফিকেট (টাঃ ২৫.০০ লক্ষ মাত্র স্থিতি); ৪। জাতীয় পরিচয়পত্র; ৫। পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রজিষ্ট্রন ছবি।
৬।	আবেদন ফরম ফি	টাঃ ৫০০.০০ (পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাংক), বাপাউবো, বগুড়া এর বরাবর।
৭।	তালিকাভুক্তি/নবায়ন ফি	তালিকাভুক্তির জন্য টাঃ ৫০০০.০০ (পাঁচ হাজার) মাত্র ও ১৫% ভ্যাট বাবদ টাঃ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) মাত্র (অফেরতযোগ্য) এবং নবায়নের জন্য টাঃ ২০০০.০০ (দুই হাজার) মাত্র ও ১৫% ভ্যাট বাবদ টাঃ ৩০০.০০ (তিনশত) মাত্র (অফেরতযোগ্য) পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাংক), বাপাউবো, বগুড়া এর বরাবর) দাখিল করতে হবে।
৮।	আবেদন প্রাপ্তি ও দাখিলের স্থান	প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলী দপ্তর, বগুড়া যান্ত্রিক বিভাগ, বাপাউবো, বগুড়া।
৯।	আবেদনপত্র বিক্রয় আরম্ভের তারিখ	২০-০৭-২০২৫ খ্রিঃ, সকাল ৯.০০ ঘটিকা।
১০।	আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ (তালিকাভুক্তি/নবায়ন)	২১-০৮-২০২৫ খ্রিঃ, বিকাল ৫.০০ ঘটিকা।

শর্তসমূহ

- ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতিত সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে।
- ঠিকাদার নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্রসহ আবেদনপত্রের সাথে ঠিকাদার নিবন্ধন বই জমা প্রদান করতে হবে।
- ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম, বাপাউবো, তেজগাঁও, ঢাকা

মহোদয়ের অনুমোদন সাপেক্ষে নতুন তালিকাভুক্তি ও নবায়ন আবেদন চূড়ান্তভাবে গৃহিত হবে।

- ব্যাংক স্টেটমেন্ট/সলভেন্সির ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহণের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহণযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ করতে হবে।
- ঠিকাদার ও সরবরাহকারী সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যিক।
- কার্যক্রম ও পণ্য সরবরাহকারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Handwritten signature

১৬-০৭-২০২৫

মোঃ আব্দুল আহাদ ইমরান

নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)

+৮৮০২৫৮৮৮১৩৪৪৮

ee.bogra.me@gmail.com

নম্বর: ৪২.০১.০০০০.০০০.৩১৫.৩৭.০০২৩.২৫.৯২/১(৯)

তারিখ: ১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), যান্ত্রিক সরঞ্জাম, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ঢাকা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
- ৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (মহোদয়কে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় এবং বগুড়া জেলায় প্রকাশিত ১টি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (তালিকাটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), বগুড়া যান্ত্রিক উপ-বিভাগ-১, বাপাউবো, বগুড়া।
- ৭। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/ বিদ্যুৎ), বগুড়া যান্ত্রিক উপ-বিভাগ-২, বাপাউবো, বগুড়া।
- ৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাক) বাপাউবো, বগুড়া।
- ৯। অফিস কপি, নথি/নোটিশ বোর্ড।



Handwritten signature

১৬-০৭-২০২৫

মোঃ আব্দুল আহাদ ইমরান

নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)